দৈনিক ইত্তেফাক

তারিখ 0 1 OCT 1995
পৃষ্ঠা ৪২ কলাম ৮

140

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দাবী পূরণের আহ্বান

গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির মুলতবী সাধারণ সভায় কয়েকটি প্রস্তাব গ্রহণ করা হয়। প্রস্তাবে শিক্ষকদের দাবী নিয়া ভিসির গড়িমসিতে ক্ষোভ প্রকাশ করিয়া আগামী ৩০ অক্টোবরের মধ্যে তাহা বাস্তবায়ন করার আহ্বান জানান হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যাপারে শিক্ষকদের নিয়া ভিসি'র বক্তব্যের নিন্দা জ্ঞাপন ও তাহা প্রত্যাহার, বর্তমান পরীক্ষা প্রদ্ধতি বহাল রাখা এবং এই পদ্ধতির যেকোন পরিবর্তন বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সনের অধ্যাদেশে নির্দেশিত বিভিন্ন পর্ষদের মাধ্যমেই হওয়া প্রয়োজন বলিয়া প্রস্তাবে উল্লেখ করা হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক এ,টি,এম, জহুরুল হক।

—প্রেস বিজ্ঞপ্তি